## আইসিটি বিভাগ

তারিখ: ১৪-০৯-২০২৩

**বিষয়ঃ ইনোভেশন কমিটির সেপ্টেম্বর-২০২৩ এর মাসিক সভার কার্যবিবরণী**

উপব্যবস্থাপনা পরিচালক এবং ইনোভেশন অফিসার জনাব পারভীন আকতার মহোদয়ের সভাপতিত্বে ১৪-০৯-২০২৩ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় ব্যাংকের বোর্ড রুমে ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটির সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

২। সভার শুরুতে ইনোভেশন টিমের সভাপতি ও উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন কমিটির সদস্য সচিব ও প্রোগ্রামার জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব সভায় মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অনুষ্ঠিত বিগত ২০২২-২৩ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের পর্যালোচনা সভার নির্দেশনাসমূহ এবং ২০২৩-২০২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা উপস্থাপন করেন। তিনি উক্ত নির্দেশিকা মোতাবেক করণীয় বিষয়বস্তুসমূহ সভায় উপস্থাপন করেন। তৎপ্রেক্ষিতে অদ্যকার সভার আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরুপ:

| ক্র নং | আলোচনার বিষয় | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ১.১ | ২০২৩-২০২৪ অর্থ-বছরের সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতায় উদ্ভাবনী ধারণা আহবান করে পত্র সূত্র নং: ২/২২/১১০/২০৪ তারিখ: ১৬-০৭-২০২৩ মোতাবেক বিগত ১৭-০৮-২০২৩ তারিখের মধ্যে ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী কর্তৃক প্রদানকৃত উদ্ভাবনী আইডিয়াসমূহ ইনোভেশন অফিসার বরাবর প্রেরণের অনুরোধ জানিয়ে সকল কার্যালয় ও শাখা বরাবরে পত্র প্রেরণ করা হয়। কিন্তু প্রধান কার্যালয় হতে কোন সাড়া পাওয়া না যাওয়ায় আগামী ১৭-০৯-২০২৩ তারিখের মধ্যে উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর উদ্ভাবনী আইডিয়াসমূহ প্রেরণের জন্য অনুরোধ জানিয়ে পুনরায় পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে মাঠপর্যায় হতে প্রাপ্ত ১৮টি উদ্ভাবনী আইডিয়া সভায় পর্যালোচনা করা হয়। | • আগামী ১৭-০৯-২০২৩ তারিখের মধ্যে ব্যাংকের প্রধান কার্যালয় হতে উদ্ভাবনী আইডিয়া সংগ্রহ করার জন্য পত্র প্রেরণ করা।<br>• প্রধান কার্যালয় থেকে আইডিয়া প্রেরণের নির্ধারিত সময়ের পরে ২০২৩-২৪ অর্থবছরের উদ্ভাবনী আইডিয়া চুড়ান্ত করা হবে। | আইসিটি বিভাগ |
| ২.১ | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেইজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা | ইতঃপূর্বে যেসকল উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজ করা হয়েছে, সে সকল সেবা অব্যাহত আছে কিনা সেবিষয়ে প্রত্যয়নপত্র প্রদানের আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রদত্ত ছক অনুযায়ী ব্যাংকে ইতোমধ্যে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ সেবা ডিজিটাইজেশন ডাটাবেইজ হালনাগাদ রাখতে হবে এবং প্রত্যয়ন পত্র নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | আইসিটি বিভাগ |
| ৩.১ | ইনোভেশন শোকেজিং | আওতাধীন অফিসসমূহের ইনোভেশন শোকেজিং বিষয়ে বিশদ আলোচনা করা হয়। | প্রধান কার্যালয়ের উদ্যোগে ব্যাংকে এযাবৎ বাস্তবায়িত সকল উদ্ভাবনী আইডিয়াসমূহ কে নিয়ে ফেব্রুয়ারি-২০২৪ এর মধ্যে ইনোভেশন শোকেজিং কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ট্রেনিং ইনস্টিটিউট ও আইসিটি বিভাগ |

চলমান পাতা-০২

**বিষয়ঃ ইনোভেশন কমিটির সেপ্টেম্বর-২০২৩ এর মাসিক সভার কার্যবিবরণী**

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.১ | ই-নথির ব্যবহার বৃদ্ধি | ই-নথি সংক্রান্ত আলোচনায় সভাকে অবহিত করা হয় যে, বর্তমানে ই-নথির মূল সার্ভারে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের কোন ইউজার আইডি বা একসেস নাই। ই-নথির ট্রেনিং সার্ভারে অত্র ব্যাংকের একসেস রয়েছে। a2i কর্তৃক বর্তমানে পরিচালিত ডি-নথি কার্যক্রমে যুক্ত হবার বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। | ডি-নথি মূল সার্ভারে একসেসের জন্যে এটুআই এর সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে স্বশরীরে গমনপূর্বক বিষয়টি সমাধানের চেষ্টা করতে হবে। | আইসিটি বিভাগ |
| ৫.১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়নের মেইন ম্যানুর আওতাধীন সাবম্যানুসমূহ; সেবাবক্সের লিংক; নোটিশবোর্ড; বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা; জাতীয় শুদ্ধাচার কার্যক্রম; সেবা প্রদান প্রতিশ্রুতি; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; তথ্য অধিকার; সেবা সহজিকরণ, ডিজিটাইজেশন ও উদ্ভাবন কার্যক্রম ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি নিয়মিত ও তাৎক্ষনিক হালনাগাদ করার ব্যাপারে মতামত ব্যক্ত করা হয়। | ব্যাংকের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে এবং হালনাগাদের পূর্বের ও পরের স্ক্রীন শট প্রমাণক হিসেবে সংরক্ষন করতে হবে। | আইসিটি বিভাগ |
| ৬.১ | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন বিষয়ে বিশদ আলোচনা করা হয়। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ মোতাবেক বর্ণিত অর্থবছরে ২টি কর্মশালা আয়োজন করতে হবে। তৎপ্রেক্ষিতে অক্টোবর-২০২৩ এর মধ্যে ১টি কর্মশালা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানপূর্বক ট্রেনিং ইনস্টিটিউটকে পত্র প্রদান করতে হবে। আয়োজিত কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে মন্ত্রণালয় হতে প্রতিনিধি আনতে হবে। | আইসিটি ও ট্রেনিং ইনস্টিটিউট |
| | | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। | আলোচনায় মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | কমিটি ও আইসিটি |

০৩। সভায় বিবিধ বিষয়ে বর্তমান কমিটির একজন সদস্য চাকুরী হতে ইস্তফা প্রদান করার বিষয়টি আলোচনা হয়। তৎপ্রেক্ষিতে ২০২৩-২৪ অর্থ বছরের ইনোভেশন কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে জনাব মোঃ শিব্বির আহমেদ, উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ বিভাগ এবং ইনোভেশন সংক্রান্ত সাচিবিক কার্যক্রমের সহায়তার নিমিত্তে জনাব মোঃ মাইনুল ইসলাম, প্রিন্সিপাল অফিসার, কেন্দ্রীয় হিসাব বিভাগ কে অন্তর্ভূক্ত করে বর্তমান কমিটি পূনর্গঠন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৯/২৩
তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ
ও সদস্য সচিব, ইনোভেশন টিম

২৪/০৯/২০২৩
মোঃ আব্দুল লতিফ
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
কেন্দ্রীয় হিসাব বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

২৪/০৯/২৩
মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেম এনালিস্ট
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

২৪.০৯.২০২৩
বাদল চন্দ্র দেবনাথ
উপমহাব্যবস্থাপক ও
সচিব, পরিচালনা বোর্ড
ও সদস্য, ইনোভেশন টিম

২৪/০৯/২৩
জেড. এম. হাফিজুর রহমান
মহাব্যবস্থাপক
প্রশাসন মহাবিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

২৪/০৯/২৩
পারভীন আকতার
উপব্যবস্থাপনা পরিচালক
এবং
ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

[চলমান পাতা-০৩]